

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা, চট্টগ্রাম

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮



তারিখ: ২৪.১২.০৩

প্রেস বিজ্ঞপ্তি

চসিক ভ্রাম্যমান আদালত অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য প্রস্তুতের দায়ে তিন প্রতিষ্ঠানকে ৪৫ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা'র নেতৃত্বে নগরীতে মঙ্গলবার সকালে ভেজাল বিরোধী অভিযান পরিচালিত হয়। অভিযানকালে আত্মবাদ সিডিএ সংযোগ সড়কে ওয়াসি ফুডকে অস্বাস্থ্যকর, নোংরা পরিবেশ ও পঁচা ডিম দিয়ে কেক তৈরি করা, মেয়াদ বিহীন ফ্লেভার ব্যবহার এবং ট্রেড লাইসেন্স হাল নাগাদ নবায়ন না করার অপরাধে ২০ হাজার টাকা। এছাড়াও বড়পোল মোড়ের নবাব রেস্তোরাঁকে নোংরা ও অপরিচ্ছন্ন রান্নাঘর, খাবারে রাসায়নিক ব্যবহার এবং বিরানীর ডেকচি ফুটপাতে রাখার অপরাধে ২০ হাজার টাকা সহ মাশরুর অয়েল মিলসকে অস্বাস্থ্যকর পরিবেশে সরিষার তৈল প্রস্তুত করার অপরাধে ৫ হাজার টাকাসহ সর্বমোট ৪৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেট কে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮